বিষয় : জানুয়ারি - জুন,২০১৭ পর্যন্ত উদ্ভাবন/ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগ : স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

| ক্রমিক নং | বিষয় | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | ইনোভেশন টিমের সভা | অবিভক্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণাণালয়ের আওতায় ইনোভেশন টিমের ৬টি মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। | |
| ২। | আইডিয়া ম্যানেজম্যান্ট ও স্কেল আপ | গত ১২ জানুয়ারী ২০১৭ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ ও এ-টু-আই প্রোগ্রাম এর আয়োজনে স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকায় "নাগরিক সেবায় উদ্ভাবনী পাইলট প্রকল্পের পর্যালোচনা, শোকেসিং ও শেয়ারিং" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয় । উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: আবুল কালাম আজাদ, মূখ্য সমন্বয়ক (এসডিজি ), প্রধানমন্ত্রীর কার্যালয় । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম, এন, জিয়াউল আলম, সচিব (সংস্কার ও সমন্বয় ), মন্ত্রিপরিষদ বিভাগ ও জনাব মো: সিরাজুল ইসলাম, সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ( প্রাক্তন সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ) । কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব অধ্যাপক ডা: আবুল কালাম আজাদ, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর । উক্ত কর্মশালায় মাঠ পর্যায়ে নাগরিক সেবায় উদ্ভাবনী পাইলট উদ্যোগ বাস্তবায়নকারী ১৮ জন কর্মকর্তা, মন্ত্রণালয় এবং অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন । উক্ত কর্মশালায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন নিম্নবর্ণিত ০২ (দুই) টি উদ্ভাবনী উদ্যোগ রেপ্লিকেশন /স্কেল আপ করার জন্য সুপারিশ/সিদ্ধান্ত গৃহীত হয় :<br>(১) "পরিবার পরিকল্পনা পদ্ধতি ড্রপ আউট হার কমানো" ও<br>(২) " প্রাতিষ্ঠানিক ডেলিভারী বৃদ্ধি ও খাবার বড়ি ড্রপ আউটের হার কমানো" । | |
| ৩। | আওতাধীন অধিদপ্তর/ সংস্থার উদ্ভাবন কার্যক্রম তদারকি | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট ) এর ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়েছে । উক্ত সংস্থাসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে । উক্ত সংস্থাসমূহের প্রশিক্ষণ কর্মসূচিতে ইনোভেশন সংক্রান্ত বিষয় অন্তর্ভূক্ত করা হয়েছে । সমন্বয় সভার আলোচ্যসূচিতে ইনোভেশন সংক্রান্ত বিষয় অন্তর্ভূক্ত করা হয়েছে । | |

| | | | |
|---|---|---|---|
| ৪। | ই-ফাইলিং ও ই-সেবা কার্যক্রম | নবসৃষ্ট স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওয়তায় ই-ফাইলিং কর্যক্রম চালুর লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম চলমান আছে। এ বিভাগের ১৩ জন কর্মকর্তা ই-ফাইলিং বিষয়ক প্রশিক্ষণ প্রাপ্ত হয়েছেন। | |
| ৫। | ইনোভেশন পাইলট /প্রকল্পের সফল ইনোভেশন/উত্তম ইনোভেটরকে পুরস্কার /স্বীকৃতি প্রদান | ইনোভেশন পাইলট/প্রকল্পের সফল ইনোভেটর/উত্তম ইনোভেটরকে পুরস্কার /স্বীকৃতি প্রদানের কর্যক্রম চলমান আছে। | সম্প্রতি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন " প্রাতিষ্ঠানিক ডেলিভারী বৃদ্ধি ও খাবার বড়ি ড্রপ আউটের হার কমানো" শীর্ষক উদ্ভাবনটির উদ্ভাবক জনপ্রশাসন পদক ২০১৭ প্রাপ্ত হয়েছে। |
| ৬। | পার্টনারশিপ ও নেটওয়ার্কিং | ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ, বুদ্ধি বৃত্তিক পরামর্শসহ বিবিধ বিষয়ে এ টু আই প্রোগ্রাম, মন্ত্রিপরিষদ বিভাগ ও সংশ্লিষ্ট অংশীজনদের (স্টেকহোল্ডার ) সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | |
| ৭। | সোশ্যাল মিডিয়া | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিজস্ব ফেসবুক পেজ রয়েছে।<br>মন্ত্রণালয়ের নিজস্ব ওয়েবসাইটে (www.mohfw.gov.bd) ইনোভেশন কর্নার সংযুক্ত করা হয়েছে। উক্ত কর্নারে মন্ত্রণালয়ের ইনোভেশন সংক্রান্ত তথ্যাদি আপলোড করা হয়েছে এবং হচ্ছে। | |
| ৮। | ডকুমেন্টেশন | বর্ষশেষে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় উদ্ভাবন উদ্যোগের অগ্রগতি সংকলন করে পুস্তিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। | |

২৮/০৮/২০১৭

এস.এম. আহসানুল আজিজ
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয় ঢাকা



E:INNOVATION

বিষয়ঃ জানুয়ারি-জুন'২০১৭ সময়ে বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি।

সংস্থার নামঃ পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

| ক্রমিক নম্বর | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমানগত কী পরিবর্তন আসবে) | জানুয়ারি-জুন'২০১৭ পর্যন্ত অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ১. | ডিজিটাল Attendance | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নিরাপত্তা এবং উপস্থিতির রেকর্ড সংরক্ষণের অংশ হিসেবে অধিদপ্তরে ডিজিটাল Attendance চালুকরণ | এপ্রিল-২০১৭ ডিসেম্বর-২০১৭ | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নিরাপত্তা নিশ্চিত হবে এবং কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মানুবর্তীতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। | কার্যক্রমটি প্রক্রিয়াধীন। এমআইএস আপারেশনাল প্ল্যানের আওতায় অক্টোবর-ডিসেম্বর' ২০১৭ সময়ে সম্পাদনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। |
| ২. | মনিটরিং ও উদ্বুদ্ধকরণ | মাঠপর্যায়ে সেবা প্রদানের সাথে সংশ্লিস্টদের সেবাকেন্দ্রে সেবা প্রদান নিশ্চিতকরণের বিষয়ে মোবাইলে মনিটরিং কার্যক্রম | এপ্রিল-২০১৭ ডিসেম্বর-২০১৭ | জনগণের সেবা প্রদান নিশ্চিত হবে এবং সেবা প্রদানকারীদের নিয়মানুবর্তীতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। | কার্যক্রমটি প্রক্রিয়াধীন। ফিল্ডসার্ভিস ডেলিভারী প্রোগ্রাম (এফএসডি) অপারেশনাল প্ল্যানের আওতায় আগামী অক্টোবর'২০১৭ নাগাদ ১০০ উপজেলায় মোবাইল এপস্ এর মাধ্যমে মাঠপর্যায়ে সেবা প্রদানের সাথে সংশ্লিষ্টদের মনিটরিং করার পরিকল্পনা রয়েছে। |
| ৩. | (e-GP) চালুকরণ। | ইলেকট্রনিক সরকারি ক্রয় পদ্ধতি (Electronic Government Procurement ) (e-GP) চালুকরণ। | জানুয়ারি-২০১৭ থেকে জুন-২০১৮ (৫০% ক্রয় (e-GP) এর আওতায় সম্পন্ন করা) | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সরকারি ক্রয় কার্যক্রমে দরদাতাগণের অবাধ অংশগ্রহণ ও সমসুযোগ সৃষ্টি হবে, ক্রয় প্রক্রিয়ায় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া দ্রুততর করাসহ ক্রয় প্রক্রিয়ায় দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। | কার্যক্রমটি চলমান। উপকরণ ও সরবরাহ ইউনিট হতে জানুয়ারি- জুন' ২০১৭ সময়ে ইলেকট্রনিক ক্রয় কার্যক্রমের আওতায় দুটি প্যাকেজ এর ক্রয় কার্যক্রম শুরু করে কার্যাদেশ প্রদান এর অপেক্ষায় রয়েছে। উল্লিখিত সময়ে অধিদপ্তরের ৩৬ জন কর্মকর্তা/কর্মচারীকে e-GP'র প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ৪. | ই-সেবা কার্যক্রম | অনলাইনে গর্ভবতী মাকে তালিকাভুক্তকরণ ও সেবা প্রদান (Online Pregnant Mother Registration and monitoring of their services). অনলাইন গর্ভবতী মহিলাদের মোবাইল ফোন নম্বরসহ তাঁদের প্রসবপূর্ব সেবা, প্রসব পরবর্তী সেবা, ডেলিভারী সেবা ও নবজাতকের সেবা সংক্রান্ত তথ্যাদি সংগৃহীত হচ্ছে। দুটি জেলায় গর্ভবতী মহিলাদের মোবাইল ফোন (Voice mail/SMS) এর মাধ্যমে সেবা গ্রহণে উদ্বুদ্ধ করা, সেবা কেন্দ্রমূখী করা এবং সেবাপ্রদান নিশ্চিতকরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | জানুয়ারি-২০১৬ - ডিসেম্বর-২০১৭ | গর্ভবতী মা ও শিশুর স্বাস্থ্য সেবা নিশ্চিত করা যাবে। নির্ধারিত এলাকায় প্রসবপূর্ব সেবা, ডেলিভারী সেবা, প্রসব পরবর্তী সেবা ও নবজাতকের সেবা প্রদান বৃদ্ধি পাবে এবং মনিটরিং সহজতর হবে। ফলে জনগোষ্ঠির মধ্যে মাতৃ মৃত্যু ও শিশু মৃত্যু হ্রাস পাবে। | কার্যক্রমটি চলমান। ই-রেজিস্টারে গর্ভবতী মহিলাদের মোবাইল ফোন নম্বরসহ তাঁদের প্রসবপূর্ব সেবা, প্রসব পরবর্তী সেবা, ডেলিভারী সেবা ও নবজাতকের সেবা সংক্রান্ত তথ্যাদি সংগৃহীত হচ্ছে। টাঙ্গাইল ও হবিগঞ্জ জেলায় গর্ভবতী মহিলাদের মোবাইল ফোন (Voice mail/SMS) এর মাধ্যমে সেবা গ্রহণে উদ্বুদ্ধ করা, সেবা কেন্দ্রমূখী করার কার্যক্রম এমআইএস অপারেশনাল প্ল্যানে জানুয়ারি-মার্চ'২০১৮ সময়ে বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। |

| ক্রমিক নম্বর | বিষয় | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমানগত কী পরিবর্তন আসবে) | জানুয়ারি-জুন'২০১৭ পর্যন্ত অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ৫. | সেবা প্রক্রিয়া সহজিকরণ | 'পেনশন কার্যক্রম ত্বরান্বিতকরণ' শিরোনামে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পেনশন কার্যক্রম সহজিকরণ | জানুয়ারি' ২০১৭ ডিসেম্বর' ২০১৭ | কার্যক্রমের ধাপ ও সময় হ্রাস পাবে, জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি পাবে । পেনশনভোগীদের ভোগান্তি কমে আসবে। | কার্যক্রমটি **চলমান। এটুআই প্রোগ্রাম প্রকল্পের সহায়তায় জুন'২০১৭ মাসে** 'পেনশন সেবা **সহজিকরণ**' **সংক্রান্ত 'এসপিএস দৃষ্টান্ত বই' প্রকাশ করা হয়েছে।** |
| ৬. | মনিটরিং এবং মেন্টরিং | ইনোভেশন কার্যক্রম মনিটরিং ও মেন্টরিং এর জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেন্টরদের বিভাগওয়ারী দায়িত্বপালনের জন্য তালিকা প্রস্তুত করে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম অফিসে তালিকা প্রেরণ। | জানুয়ারি' ২০১৭ এবং চলমান | কার্যক্রম পর্যবেক্ষণ ও মূল্যায়ণে সহযোগিতার ফলে তা বাস্তবায়ণ সহজতর হবে। | ইনোভেশন কার্যক্রম মনিটরিং ও মেন্টরিং **করার জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন** কর্মকর্তাগণ এটুআই প্রোগ্রাম অফিস হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং ইনোভেশন কার্যক্রম মনিটরিং ও মেন্টরিং **করছেন।** |
| ৭. | নাগরিক সেবায় উদ্ভাবন প্রশিক্ষণ আয়োজন | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিভিন্ন ইউনিটে কর্মরত কর্মকর্তাদের দুটি ব্যাচের (৫০ জন) প্রশিক্ষণ প্রদান। | এপ্রিল-২০১৭ ডিসেম্বর-২০১৭ | পরিবার পরিকল্পনা অধিদপ্তরে উদ্ভাবনী কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে কর্মকর্তাদের মধ্যে পেশাগত জ্ঞান বৃদ্ধি পাবে। | কার্যক্রমটি **প্রক্রিয়াধীন।** পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ৫০ জন কর্মকর্তার 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম **এমআইএস অপারেশনাল প্ল্যান এর আওতায় সেপ্টেম্বর-অক্টোবর' ২০১৭ মাসে সম্পাদনের পরিকল্পনা রয়েছে।** |
| ৮. | সোস্যাল মিডিয়া (social media) | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নিজস্ব ফেইসবুক পেজ তৈরি এবং সৃজনশীল কাজে উৎসাহিত করা। | জানুয়ারি' ২০১৭ এবং চলমান | সামাজিক যোগাযোগ মাধ্যমকে ব্যবহার করে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, পুষ্টি, কিশোর কিশোরীর স্বাস্থ্য সচেতনতা, বাল্য বিবাহ রোধে সকল অংশীজনের মধ্যে মতবিনিময়ের সুযোগ সৃষ্টির মাধ্যমে নাগরিক সেবা ও দাপ্তরিক সিদ্ধান্ত গ্রহণ সহজতর হবে। | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের 'ফেসবুক পেজ' তৈরি করা হয়েছে (সংশ্লিষ্ট লিংক: 'Family Planning- সুখের সোপান' sukhersopan@facebook.com)। এ পর্যন্ত প্রায় ২৩০০ জন ফেসবুক পেজ এ লাইক দিয়েছে এবং পর্যায়ক্রমে তা বৃদ্ধি পাচ্ছে। সদরদপ্তর ও মাঠপর্যায়ের কার্যক্রম পেজটিতে নিয়মিত তুলে ধরা হচ্ছে। |
| ৯. | ই-ফাইলিং কার্যক্রম | পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কর্মকর্তা ও কর্মচারীদের ই-ফাইলিং এর উপর দুটি ব্যাচের (৫০ জন) প্রশিক্ষণ প্রদান। | এপ্রিল-২০১৭ ডিসেম্বর-২০১৭ | দাপ্তরিক কাজে গতিবৃদ্ধি পাবে, জবাবদিহিতা নিশ্চিত হবে এবং সিদ্ধান্তগ্রহণ সহজ হবে। | চলমান কার্যক্রম। জানুয়ারি-জুন'২০১৭ সময়ে ১০০ জন কর্মকর্তা/কর্মচারীকে ই-নথির উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগস্ট'২০১৭ মাসে অধিদপ্তরের আরও ৫০ জন কর্মকর্তা/কর্মচারীকে ই-নথির উপর প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা রয়েছে। |

(সোলেমান খান)
যুগ্ম সচিব (স্বাশিপক বিভাগ) ও
পরিচালক(এমআইএস)
ফোন: ৯১৪৬২৬২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/১ শেখ সাহেব বাজার রোড, ঢাকা - ১২০৫।

**বিষয় ঃ** জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর ইনোভেশন কর্মপরিকল্পনা (জুলাই ২০১৬ - জুন ২০১৭) বাস্তবায়নের অগ্রগতি।

| ক্রম | ইনোভেশন (উদ্ভাবনী) প্রস্তাব ও সংক্ষিপ্ত বর্ণনা | নতুনত্ব | বাস্তবায়নের ফলাফল/ ইনোভেশন (উদ্ভাবনী) প্রস্তাবের কার্যকারিতা ও তাৎপর্য (Effectiveness & Significance) | প্রক্রিয়া সহজীকরণ (Process Simplification) | বাস্তবায়ন যোগ্যতা (Replicabilites) | প্রস্তাব বাস্তবায়নের প্রত্যাশিত মেয়াদ (Expected date of completion proposal) | অগ্রগতি (Progress) |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | প্রশিক্ষণার্থী ডাটা-বেইজ প্রণয়ন। | প্রশিক্ষণার্থী নির্বাচনে দ্বৈততা পরিহারের জন্য প্রশিক্ষণার্থীদের বৃত্তান্ত সংরক্ষণ। | • দ্বৈততা পরিহার<br>• অধিক সংখ্যক প্রোগ্রাম পারসোনেলদের জন্যে প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি। | প্রশিক্ষণ কোর্স ও প্রশিক্ষণার্থীর নামের দ্বৈততা পরিহারের সংকেতসহ প্রশিক্ষণার্থীর তথ্য সংরক্ষণ সিস্টেম প্রণয়ন। | • নিপোর্টের সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে এ কর্মসূচির আওতায় আনা<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন এবং অন্যান্য সেক্টরের প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ এ উদ্ভাবনী ব্যবস্থা গ্রহণ করতে পারে। | ০১ (এক ) বছর জুলাই ২০১৬ - জুন ২০১৭। | (ক) প্রশিক্ষণার্থী ডাটা-বেইজ প্রণয়নের কাজটি সম্পন্ন করার জন্য উন্নয়ন সহযোগী USAID এর সহায়তায় Save the Chilldren এর মাধ্যমে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>(খ) ডাটা-বেইজে প্রশিক্ষণার্থীদের যাবতীয় তথ্যাদি সংরক্ষণ করার মাধ্যমে প্রশিক্ষণার্থী নির্বাচনে দ্বৈততা পরিহার করা এ কার্যক্রমের উদ্দেশ্য।<br>(গ) এটি হবে একটি সম্পূর্ণ ডিজিটালাইস্ট তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি এবং নিপোর্টের আওতাধীন ১২টি FWVTI এবং ২০টি RTC ও এ ব্যবস্থার সাথে সংযুক্ত থাকবে। এ ছাড়া মন্ত্রণালয় ও এর অধীন বিভিন্ন অধিদপ্তরের ডাটা বেইজ এর সাথেও Linkage থাকবে।<br>(ঙ) পূর্ণাঙ্গ প্রশিক্ষণার্থী ডাটাবেজ প্রণয়নের কাজটি সম্পন্ন হতে ৩০ জুন/২০১৮ পর্যন্ত সময় প্রয়োজন হবে। |

২৩/৮/১৭

(মো. আজহারুল ইসলাম)
পরিচালক (প্রশাসন) ও যুগ্ম সচিব
নিপোর্ট।